

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
ইনোভেশন টিম



ইনোভেশন টিমের কার্যবিবরণী

সভাপতি	মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৭ মার্চ, ২০২৩
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন প্লাটফর্ম (জুম)
উপস্থিতি	'সংযোজনী 'ক'

সভার শুরুতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী টিমের সকল সদস্যকে স্বাগত জানান। তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করে কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুরোধে ইনোভেশন টিমের সদস্য সচিব মিজ রোকেয়া খাতুন জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৭/০৩/২০২৩ ও ২৮/০৩/২০২৩ তারিখে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে দু'টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, এ বিভাগের সমন্বয়-১ শাখা হতে মোঃ মামুন হোসেন, সহকারী সচিব কর্তৃক উপস্থাপিত সেন্সর সিস্টেম ধারণাটি সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেছেন। তদ্ব্যতিরিক্তে গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী বরাবর সেন্সর সিস্টেম ধারণাটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানিয়ে পত্র প্রেরণ করা হলে উক্ত সংস্থা ধারণাটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দ না থাকার কথা জানিয়েছেন। এছাড়া এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব উত্তম কুমার কর্মকার কর্তৃক দাখিলকৃত Mobile app for ERD Officials ধারণাটি নিয়ে সভায় আলোচনা হয়। সভায় কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সেন্সর সিস্টেম স্থাপন	গণপূর্ত অধিদপ্তরের সেন্সর সিস্টেম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় এ বিভাগের ইনোভেশন খাতের বরাদ্দ হতে ধারণাটি বাস্তবায়ন করার জন্য সুপারিশ করা হলো।	প্রশাসন অধিশাখা ও বাজেট ব্যবস্থাপনা শাখা
০২	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	অতিরিক্ত সচিব জনাব উত্তম কুমার কর্মকার কর্তৃক দাখিলকৃত Mobile app for ERD Officials ধারণাটি বাস্তবায়নের জন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সদস্য- সচিব ইনোভেশন টিম
০৩	সংশোধিত উদ্ভাবনী ধারণা প্রেরণ	মিরানা মহরুখ, যুগ্মসচিব ও মাহমুদুল ইসলাম খান, উপসচিব এর একক ও যৌথভাবে দাখিলকৃত ০৩ (তিন) টি ধারণার বিষয়ে চীফ ইনোভেশন অফিসার এবং অতিরিক্ত সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ফাবা ও আইসিটি অনুবিভাগ প্রধানের সাথে আলোচনা করে সংশোধিত প্রস্তাব দাখিল করবেন।	যুগ্মসচিব, এশিয়া-১ অধিশাখা ও উপসচিব এডিবি-৪ শাখা
০৪	চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক কর্মশালা	চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক ২য় কর্মশালা আগামী মে মাসের দ্বিতীয় সপ্তাহে আয়োজন করতে হবে।	সদস্য- সচিব ইনোভেশন টিম

০৫	৩য় কোয়ার্টারের প্রতিবেদন প্রেরণ	যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য- সচিব ইনোভেশন টিম
----	--------------------------------------------	-----------------------------------------------	-------------------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।



মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী  
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫৪.০৫.০০১.২২.১৮

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯

২৮ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সদস্য, ইনোভেশন টিম
- ২) উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ২: বিশ্বব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



রোকেয়া খাতুন  
যুগ্মসচিব